∴ বাঁধাই করতে পাথর লাগবে =  $\frac{301.5936}{0.16}$  টি  $\approx 1885$  টি

∴ মোট খরচ =  $1885 \times 325 = 612625$  টাকা (Ans.)

**প্রশ্ন ৪১** একটি পাইপের ভিতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 12 সে.মি. এবং 14 সে.মি. এবং পাইপের উচ্চতা 5 মিটার।

[ভিকারনিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা ৷/ প্রশ্ন নং ৯]

- ক. পাইপটির ভিতরের সমগ্র পৃষ্ঠের ক্ষেত্রফল কত? ২  
 খ. 1 ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম হলে, পাইপটির লোহার ওজন কত? ৪  
 গ. পাইপটি গলিয়ে 6 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি নিরেট দণ্ডে পরিণত করা হলে, দণ্ডটির দৈর্ঘ্য কত হবে? ৪

**৪১ নং প্রশ্নের সমাধান**

**ক** পাইপের ভেতরের ব্যাসার্ধ,  $r = \frac{12}{2} = 6$  সে.মি.

পাইপের উচ্চতা,  $h = 5$  মি. = 500 সে.মি.

∴ পাইপের ভেতরের সমগ্র পৃষ্ঠের ক্ষেত্রফল  
 $= 2\pi r (h + r)$   
 $= 2 \times 3.1416 \times 6 \times (500 + 6)$  বর্গ সে.মি.  
 $= 19075.7952$  বর্গ সে.মি. (প্রায়) (Ans.)

**খ** দেওয়া আছে,

1 ঘন সে.মি. লোহার ওজন = 7.2 গ্রাম

পাইপের আকৃতি বেলনের ন্যায় তাই,

পাইপের ভিতরের আয়তন =  $\pi r^2 h$   
 $= 3.1416 \times (6)^2 \times 500$  ঘন সে.মি.  
 $= 56548.8$  ঘন সে.মি. (প্রায়)

পাইপের বাইরের আয়তন =  $\pi R^2 h$   
 $= 3.1416 \times (7)^2 \times 500$  ঘন সে.মি.  
 $= 76969.2$  ঘন সে.মি. (প্রায়)

∴ পাইপের লোহার আয়তন = বাইরের আয়তন - ভিতরের আয়তন  
 $= (76969.2 - 56548.8)$  ঘন সে.মি.  
 $= 20420.4$  ঘন সে.মি. (প্রায়)

∴ পাইপের লোহার ওজন =  $(20420.4 \times 7.2)$  গ্রাম



$$= 147026.88 \text{ গ্রাম}$$

$$= \frac{147026.88}{1000} \text{ কিলোগ্রাম}$$

[∴ 1000 গ্রাম = 1 কিলোগ্রাম]

$$= 147.027 \text{ কিলোগ্রাম (প্রায়) (Ans.)}$$

**গ** নিরেট দন্ডের আয়তন = পাইপের লোহার আয়তন  
= 20420.4 ঘন সে.মি.

দন্ডের ব্যাসার্ধ  $a = 6$  সে.মি.

মনে করি, দন্ডের দৈর্ঘ্য =  $h$  সে.মি.

$$\therefore \text{দন্ডের আয়তন} = \pi a^2 h = 3.1416 \times 6^2 \times h$$

$$\text{প্রশ্নমতে, } 3.1416 \times 6^2 \times h = 20420.4$$

$$\text{বা, } h = \frac{20420.4}{3.1416 \times 6^2}$$

$$\therefore h = 180.555$$

$$\therefore \text{নিরেট দন্ডের দৈর্ঘ্য } 180.56 \text{ সে.মি. (প্রায়)। (Ans.)}$$

**প্রশ্ন 82** একটি ট্রাপিজিয়ামের সামান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 41 সে.মি. ও 21 সে.মি.। একটি লোহার পাইপের ভিতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 16 সে.মি. ও 18 সে.মি. এবং পাইপের উচ্চতা 4.5 মিটার।

[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা // প্রশ্ন নং ৯]

ক. একটি ঘনক আকৃতির বস্তুর পৃষ্ঠতলের ক্ষেত্রফল 600 বর্গ সে.মি. হলে, এর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. এক ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম হলে পাইপের লোহার ওজন নির্ণয় কর। 8

গ. ট্রাপিজিয়ামের অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 15 সে.মি. ও 18 সে.মি. হলে ট্রাপিজিয়ামটির ক্ষেত্রফল নির্ণয় কর। 8

### 82 নং প্রশ্নের সমাধান

**ক** ঘনকের একটি বাহুর দৈর্ঘ্য  $a$  হলে, পৃষ্ঠতলের ক্ষেত্রফল =  $6a^2$

$$\text{প্রশ্নমতে, } 6a^2 = 600$$

$$\text{বা, } a^2 = 100 = 10^2$$

$$\therefore a = 10 \text{ সে.মি.}$$

$$\therefore \text{কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{3} \times a = 10\sqrt{3} \text{ সে.মি. (Ans.)}$$

**খ** দেওয়া আছে,

পাইপের ভেতরের ব্যাস = 16 সে.মি.

$$\therefore \text{পাইপের ভেতরের ব্যাসার্ধ } r = \frac{16}{2} = 8 \text{ সে.মি.}$$

উচ্চতা,  $h = 4.5$  মিটার = 450 সে.মি.

$$\therefore \text{পাইপের ভেতরের আয়তন} = \pi r^2 h$$

$$= 3.1416 \times 8^2 \times 450$$

$$= 90478.08 \text{ ঘন সে.মি.}$$

আবার, পাইপের বাইরের ব্যাস = 18 সে.মি.

$$\therefore \text{পাইপের বাইরের ব্যাসার্ধ} = \frac{18}{2} = 9 \text{ সে.মি.}$$

$$\therefore \text{পাইপের বাইরের আয়তন} = \pi R^2 h$$

$$= 3.1416 \times 9^2 \times 450$$

$$= 114511.32 \text{ ঘন সে.মি.}$$


$$\therefore \text{পাইপের লোহার আয়তন} = 114511.32 - 90478.08$$

$$= 24033.24 \text{ ঘন সে.মি.}$$

$$\therefore \text{পাইপের লোহার ওজন} = 24033.24 \times 7.2$$

$$= 173039.328 \text{ গ্রাম (Ans.)}$$

**গ**



এখানে,

$$AB = 21 \text{ সে. মি.}$$

$$BC = 18 \text{ সে. মি.}$$

$$CD = 41 \text{ সে. মি.}$$

$$AD = 15 \text{ সে. মি.}$$

CD থেকে AB সমান করে DE অংশ কেটে নিই এবং B, E যোগ করি। এখন,  $AB = DE$  এবং  $AB \parallel DE$ , অতএব ABED একটি সামান্তরিক।

$$\therefore BE = AD = 15 \text{ সে. মি.}$$

$$\text{এবং } CE = CD - DE = CD - AB$$

$$= (41 - 21) \text{ সে. মি.}$$

$$= 20 \text{ সে. মি.}$$

$$\Delta BEC \text{ এর অর্ধপরিমিতি} = \frac{BE + CE + BC}{2}$$

$$= \frac{15 + 20 + 18}{2} \text{ সে. মি.}$$

$$= 26.5 \text{ সে. মি.}$$

$$\therefore \Delta BEC \text{ এর ক্ষেত্রফল}$$

$$= \sqrt{26.5(26.5 - 15)(26.5 - 20)(26.5 - 18)} \text{ বর্গ সে. মি.}$$

$$= 129.75 \text{ বর্গ সে.মি.}$$

B বিন্দু থেকে  $BF \perp CD$  আঁকি।

ধরি,  $BF = h$  সে. মি.

$$\therefore \Delta BEC \text{ এর ক্ষেত্রফল} = \frac{1}{2} \times CE \times BF$$

$$\text{বা, } 129.75 = \frac{1}{2} \times 20 \times h$$

$$\text{বা, } h = \frac{129.75 \times 2}{20}$$

$$\therefore BF = 12.975 \text{ সে. মি.}$$

$$\therefore \text{ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল} = \frac{1}{2} (AB + CD) BF$$

$$= \frac{1}{2} (41 + 21) \times 12.975 \text{ বর্গ সে. মি.}$$

$$= 402.225 \text{ বর্গ সে. মি. (Ans.)}$$

**প্রশ্ন 83** একটি লোহার পাইপের ভিতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 8 সে.মি. ও 10 সে.মি. এবং পাইপের উচ্চতা 4 মিটার। 1 ঘন সে.মি.

লোহার ওজন 7.2 গ্রাম। [ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা // প্রশ্ন নং ৯]

ক. পাইপের পুরনো কত সে.মি. নির্ণয় কর। ২



- খ. পাইপের বাইরের বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। 8  
 গ. পাইপে ব্যবহৃত লোহার ওজন কত কে.জি. নির্ণয় কর। 8

**৪৩ নং প্রশ্নের সমাধান**

সৃজনশীল ১৬ নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ৪৪** একটি বৃত্তের পরিধি ৪৪ মিটার।

[মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা // প্রশ্ন নং ৯]

- ক. বৃত্তের ব্যাসার্ধ নির্ণয় কর। ২  
 খ. বৃত্তের অর্ধলিখিত বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪  
 গ. বৃত্তের পরিধি একটি সমবাহু ত্রিভুজের পরিসীমার সমান হলে এদের ক্ষেত্রফলের অনুপাত নির্ণয় কর। ৪

**৪৪ নং প্রশ্নের সমাধান**

সৃজনশীল ১৭নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ৪৫** একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে ৩১ সে.মি. এবং ১১ সে.মি. অপর বাহু দুটির দৈর্ঘ্য যথাক্রমে ১০ সে.মি. এবং ১২ সে.মি.। একটি লোহার পাইপের ভেতরের এবং বাইরের ব্যাস যথাক্রমে ১২ সে.মি. এবং ১৪ সে.মি.। পাইপটির উচ্চতা ৬ সে.মি.।

[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা // প্রশ্ন নং ৯]

- ক. পাইপটির বাইরের বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ২  
 খ. এক ঘন সে.মি. লোহার ওজন ৭.২ গ্রাম হলে পাইপের লোহার ওজন নির্ণয় কর। ৪  
 গ. ট্রাপিজিয়ামটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

**৪৫ নং প্রশ্নের সমাধান**

**ক** পাইপের বাইরের ব্যাসার্ধ,  $r = \frac{14}{2} = 7$  সে.মি.


পাইপের উচ্চতা,  $h = 6$  সে.মি.

$$\therefore \text{পাইপটির বাইরের বক্রতলের ক্ষেত্রফল} = 2\pi rh$$

$$= 2 \times 3.1416 \times 7 \times 6$$

$$= 263.89 \text{ বর্গ সে.মি. (প্রায়)}$$

**খ**



দেওয়া আছে, পাইপের ভিতরের ব্যাস = ১২ সে.মি.

বাইরের ব্যাস = ১৪ সে.মি.

উচ্চতা  $h = 6$  সে.মি.

এবং ১ ঘন সে.মি. লোহার ওজন = ৭.২ গ্রাম।

আমরা জানি, বেলনের আয়তন =  $\pi r^2 h$  ঘন একক

$$\therefore \text{পাইপের বাইরের আয়তন} = \pi \left(\frac{14}{2}\right)^2 \times 6 \text{ ঘন সে.মি.}$$

$$= 294\pi \text{ ঘন সে.মি.}$$

$$\text{এবং পাইপের ভিতরের আয়তন} = \pi \times \left(\frac{12}{2}\right)^2 \times 6 \text{ ঘন সে.মি.}$$

$$= 216\pi \text{ ঘন সে.মি.}$$

এখন,

$$\text{পাইপের লোহার আয়তন} = \text{বাইরের আয়তন} - \text{ভিতরের আয়তন}$$

$$= (294\pi - 216\pi) \text{ ঘন সে.মি.}$$

$$= 78\pi \text{ ঘন সে.মি.}$$


$$\therefore \text{পাইপের লোহার ওজন} = 78\pi \times 7.2 \text{ গ্রাম}$$

$$= 1764.32 \text{ গ্রাম}$$

$$= \frac{1764.32}{1000} \text{ কিলোগ্রাম}$$

$$= 1.76 \text{ কিলোগ্রাম (প্রায়) (Ans.)}$$

**গ**



মনে করি,

ABCD ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয় যথাক্রমে AB এবং CD.

সুতরাং, AB = ১১ সে.মি., CD = ৩১ সে.মি.

AD = ১০ সে.মি. এবং BC = ১২ সে.মি.

CD থেকে AB এর সমান করে DE অংশ কেটে নিই এবং B, E যোগ করি। এখন AB = DE এবং AB  $\parallel$  DE. অতএব, ABED একটি সামান্তরিক।

$$\therefore BE = AD = 10 \text{ সে.মি. এবং } CE = CD - DE$$

$$= CD - AB \quad [\square AB = DE]$$

$$= (31 - 11) \text{ সে.মি.}$$

$$= 20 \text{ সে.মি.}$$

$$\Delta BEC \text{ এর অর্ধপরিসীমা, } s = \frac{BC + CE + BE}{2}$$

$$= \frac{12 + 20 + 10}{2} \text{ সে.মি.}$$

$$= \frac{42}{2} \text{ সে.মি.}$$

$$= 21 \text{ সে.মি.}$$

$$\therefore \Delta BEC \text{ এর ক্ষেত্রফল} = \sqrt{s(s - BC)(s - CE)(s - BE)}$$

$$= \sqrt{21(21 - 12)(21 - 20)(21 - 10)} \text{ বর্গ সে.মি.}$$

$$= \sqrt{21 \times 9 \times 1 \times 11} \text{ বর্গ সে.মি.}$$

$$= \sqrt{9 \times 231} \text{ বর্গ সে.মি.}$$

$$= 3\sqrt{231} \text{ বর্গ সে.মি.}$$

B বিন্দু থেকে CD রেখার উপর BF লম্ব আঁকি।

ধরি, BF = h সে.মি.

$$BEC \text{ ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{1}{2} \times CE \times BF$$

$$\text{বা, } 3\sqrt{231} = \frac{1}{2} \times 20 \times h$$

$$\text{বা, } 3\sqrt{231} = 10h$$

$$\text{বা, } 10h = 3\sqrt{231}$$




$$\therefore h = \frac{3\sqrt{231}}{10}$$

$$\therefore BF = \frac{3\sqrt{231}}{10} \text{ সে.মি.}$$

$$\begin{aligned} \therefore \text{ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল} &= \frac{1}{2}(AB + CD)BF \\ &= \frac{1}{2}(11 + 31) \times \frac{3\sqrt{231}}{10} \text{ বর্গ সে.মি.} \\ &= \frac{1}{2} \times 42 \times \frac{3\sqrt{231}}{10} \text{ বর্গ সে.মি.} \\ &= 95.75 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

**প্রশ্ন 8৬** চিত্রটি বর্গক্ষেত্র ও বৃত্তকলায় বিভক্ত :



[গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা // প্রশ্ন নং ৯]


- ক. বর্গক্ষেত্রটির কর্ণের দৈর্ঘ্য এবং পরিসীমা নির্ণয় কর। ২  
 খ. সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪  
 গ. বর্গের বাহুর দৈর্ঘ্যবিশিষ্ট কোনো সুসম ঘড়ভূজ কোনো বৃত্তে অঙ্কিত লিখিত হলে বৃত্তের অনধিকৃত অংশের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

**৪৬ নং প্রশ্নের সমাধান**

**ক** দেওয়া আছে,  
 বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য,  $a = 12$  সে. মি.  
 আমরা জানি,  
 বর্গক্ষেত্রটির কর্ণের দৈর্ঘ্য  $= \sqrt{2}a$  একক  
 $= (\sqrt{2} \times 12)$  সে. মি.  
 $= 16.971$  সে. মি. (প্রায়) (Ans.)

এবং বর্গক্ষেত্রটির পরিসীমা  $= 4a$  একক  
 $= (4 \times 12)$  সে. মি.  
 $= 48$  সে. মি. (Ans.)

**খ**



দেওয়া আছে, বৃত্তাংশের ব্যাসার্ধ  $r = AD = AE = 12$  cm  
 কেন্দ্রে উৎপন্ন কোণ  $\theta = 30^\circ$


$$\text{ADE বৃত্তাংশের ক্ষেত্রফল} = \frac{\theta}{360} \times \pi r^2$$

$$\begin{aligned} &= \frac{30}{360} \times 3.1416 \times (12)^2 \text{ ব. সে. মি.} \\ &= 37.6992 \text{ বর্গ সে. মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} &= (AB)^2 \text{ বর্গ একক} \\ &= (12)^2 \text{ বর্গ সে. মি.} \\ &= 144 \text{ বর্গ সে. মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{সম্পূর্ণ ক্ষেত্রের ক্ষেত্রফল} &= (37.6992 + 144) \text{ বর্গ সে. মি.} \\ &= 181.6992 \text{ বর্গ সে. মি. (Ans.)} \end{aligned}$$

**গ**



মনে করি, সুসম ঘড়ভূজের বাহুর দৈর্ঘ্য,  $a = 12$  সে. মি.

এবং সুসম ঘড়ভূজের বাহুর সংখ্যা  $n = 6$

আমরা জানি,

$$\text{সুসম বহুভূজের ক্ষেত্রফল} = \frac{na^2}{4} \cot \frac{180^\circ}{n}$$

$$\therefore \text{সুসম ঘড়ভূজের ক্ষেত্রফল} = \frac{6 \times 12^2}{4} \cot \left( \frac{180^\circ}{6} \right)$$

$$= \frac{6 \times 144}{4} \cot 30^\circ$$

$$= 6 \times 36 \times \sqrt{3}$$

$$= 374.12 \text{ বর্গ সে. মি.}$$

এখানে, বৃত্তের ব্যাসার্ধ  $= r = 12$  সে. মি.

$$\therefore \text{বৃত্তের ক্ষেত্রফল} = \pi \cdot 12^2 \text{ বর্গ সে. মি.}$$

$$= 452.39 \text{ বর্গ সে. মি.}$$

$\therefore$  বৃত্তের অনধিকৃত অংশের ক্ষেত্রফল,

$$= (452.39 - 374.12) \text{ বর্গ সে. মি.}$$

$$= 78.27 \text{ বর্গ সে. মি. (প্রায়) (Ans.)}$$

**প্রশ্ন ৪৭** ঢাকনাসহ একটি বাসের বাহিরের মাপ যথাক্রমে 10 সে.মি., 9 সে.মি. ও 7 সে.মি.। বাসটির ভিতরের সমগ্রতলের ক্ষেত্রফল 262 বর্গ সে.মি. এবং বাসের পুরস্ফ সমান।

[আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা // প্রশ্ন নং ৯]

- ক. কোনো ঘনকের পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য  $8\sqrt{2}$  সে.মি. হলে এর কর্ণের দৈর্ঘ্য ও আয়তন নির্ণয় কর। ২  
 খ. বাসটির দেয়ালের পুরস্ফ নির্ণয় কর। ৪  
 গ. বাসটির বৃহত্তম দৈর্ঘ্যের সমান বাহুবিশিষ্ট রম্বসের বৃহত্তম কর্ণ 16 সে.মি. হলে রম্বসটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

**৪৭ নং প্রশ্নের সমাধান**

**ক** পাঠ্যবইয়ের অনুশীলনী-১৬.৪ এর উদাহরণ-৩২ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৩২২

**খ** পাঠ্যবইয়ের অনুশীলনী-১৬.৪ এর উদাহরণ-৩১(খ) দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৩২১

**গ** পাঠ্যবইয়ের অনুশীলনী-১৬.৪ এর উদাহরণ-৩১(গ) দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৩২১



**প্রশ্ন ▶ ৪৮** একটি ট্রাপিজিয়ামের সামান্দ্রাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 56 সে.মি. এবং 86 সে.মি.। আবার একটি বৃত্তাকার মাঠকে ঘিরে একটি রাস্তা আছে যার বাইরের পরিধি ভিতরের পরিধি অপেক্ষা 22 মিটার বড়।

[শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা ৷ প্রশ্ন নং ৯]

- ক. একটি ঘনকের পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য  $18\sqrt{2}$  সে.মি. হলে ঘনকের কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২
- খ. রাস্তার বিস্তার নির্ণয় কর। ৪
- গ. ট্রাপিজিয়ামের অপর বাহুদ্বয় 19 সে. মি. ও 13 সে. মি. হলে ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

### ৪৮ নং প্রশ্নের সমাধান

- ক** ধরি, ঘনকের প্রতি বাহুর দৈর্ঘ্য  $a$   
 $\therefore$  ঘনকের পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য  
 $= \sqrt{a^2 + a^2}$   
 $= \sqrt{2a^2}$   
 $= a\sqrt{2}$   
 প্রশ্নমতে,  $a\sqrt{2} = 18\sqrt{2}$   
 $\therefore a = 18$   
 $\therefore$  ঘনকের কর্ণের দৈর্ঘ্য  $= \sqrt{a^2 + a^2 + a^2}$   
 $= \sqrt{3a^2} = a\sqrt{3}$   
 $= 18\sqrt{3}$  সে. মি. (Ans.)

**খ** সৃজনশীল ১২(খ)নং সমাধান দ্রষ্টব্য।

**গ** সৃজনশীল ৫(গ) নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ৪৯** একটি লোহার পাইপের ভিতরের ও বাহিরের ব্যাস যথাক্রমে 14 সে.মি. ও 16 সে.মি. এবং পাইপের উচ্চতা 5 মিটার। 1 ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম। আবার অন্য একটি বৃত্তের পরিধি = 660 মিটার।

[মাইলস্টোন কলেজ, ঢাকা ৷ প্রশ্ন নং ৯]

- ক. বৃত্তের ব্যাস 25 সে.মি. হলে এর ক্ষেত্রফল নির্ণয় কর। ২
- খ. বৃত্তের অন্তর্লিখিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
- গ. পাইপের লোহার ওজন নির্ণয় কর। ৪

### ৪৯ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৭নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ৫০** একটি সামান্দ্রিকের সন্নিহিত বাহুদ্বয়ের অনুপাত 3 : 5, পরিসীমা 64 সে.মি. এবং এর একটি কর্ণের দৈর্ঘ্য 28 সে.মি.। আবার একটি লোহার পাইপের ভিতরের ও বাইরের ব্যাস যথাক্রমে সামান্দ্রিকের ক্ষুদ্রতম ও বৃহত্তম বাহুর দৈর্ঘ্যের সমান এবং উচ্চতা 6 মিটার।

[মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা ৷ প্রশ্ন নং ৯]

- ক. একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 1 মিটার বাড়ালে ক্ষেত্রফল  $3\sqrt{3}$  বর্গমিটার বেড়ে যায়। ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য কত? ২
- খ. সামান্দ্রিকটির অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
- গ. এক ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম হলে লোহার পাইপের ওজন কত? ৪

### ৫০ নং প্রশ্নের সমাধান

**ক** পাঠ্যবইয়ের অনুশীলনী-১৬.১ এর উদাহরণ-৪ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৯৮

**খ** ধরি,  
 সামান্দ্রিকের সন্নিহিত বাহু দুইটি  $3x$  এবং  $5x$   
 প্রশ্নানুসারে,

$$2(3x + 5x) = 64$$

$$\text{বা, } 2 \times 8x = 64$$

$$\text{বা, } 16x = 64$$

$$\therefore x = 4$$

$\therefore$  সন্নিহিত বাহু দুইটির দৈর্ঘ্য যথাক্রমে  $(3 \times 4)$  বা 12 সে.মি.

এবং  $(5 \times 4)$  বা 20 সে.মি.।

অতঃপর সৃজনশীল ৩(গ) নং সমাধান দ্রষ্টব্য।

**গ** দেওয়া আছে,

লোহার পাইপের ভিতরের ব্যাস,  $D_i = 12$  সে.মি.

এবং বাইরের ব্যাস,  $D_o = 20$  সে.মি. [‘খ’ থেকে প্রাপ্ত]

ভিতরের ব্যাসার্ধ,  $r_i = \frac{12}{2} = 6$  সে.মি.

বাইরের ব্যাসার্ধ,  $r_o = \frac{20}{2} = 10$  সে.মি.

এবং উচ্চতা  $h = 6$  মিটার = 600 সে.মি.

$\therefore$  পাইপের ভিতরের আয়তন  $= \pi r_i^2 h$

$$= 3.1416 \times 6^2 \times 600 \text{ ঘন সে.মি.}$$

$$= 67858.56 \text{ ঘন সে.মি.}$$

এবং পাইপের বাইরের আয়তন  $= \pi r_o^2 h$

$$= 3.1416 \times 10^2 \times 600 \text{ ঘন সে.মি.}$$

$$= 188496 \text{ ঘন সে.মি.}$$

লোহার পাইপের আয়তন = বাইরের আয়তন – ভিতরের আয়তন

$$= (188496 - 67858.56) \text{ ঘন সে.মি.}$$

$$= 120637.44 \text{ ঘন সে.মি.}$$

এখানে, 1 ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম

$\therefore$  লোহার পাইপের ওজন  $= (120637.44 \times 7.2)$  গ্রাম

$$= 868589.568 \text{ গ্রাম}$$

$$= 868.589 \text{ কিলোগ্রাম (প্রায়) (Ans.)}$$

**প্রশ্ন ▶ ৫১** একটি সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 1 মিটার বাড়ালে এর ক্ষেত্রফল  $\sqrt{3}$  বর্গমিটার বেড়ে যায়।

[মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা ৷ প্রশ্ন নং ৯]

- ক. ত্রিভুজটি অঙ্কন করে এর ক্ষেত্রফল নির্ণয়ের সূত্রটি লিখ। ২
- খ. ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
- গ. ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য কত মিটার বাড়ালে এর ক্ষেত্রফল  $7\sqrt{3}$  বর্গমিটার বৃদ্ধি পাবে? ৪

### ৫১ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ২৫ নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ৫২** একটি বেলনের ভূমির ব্যাসার্ধ 10 সে.মি. এবং বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল 1256.64 বর্গ সে.মি.।

[সেন্ট বোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা ৷ প্রশ্ন নং ৮]

- ক. বেলনটির উচ্চতা নির্ণয় কর। ২
- খ. বেলনটির আয়তন এবং সমতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪



গ. একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে বেলনটির উচ্চতা ও ভূমির ব্যাসার্ধের সমান এবং সমগ্রতলের ক্ষেত্রফল 700 বর্গ সে.মি.। ঘনবস্তুটির উচ্চতা নির্ণয় কর। 8


**৫২ নং প্রশ্নের সমাধান**

ক. ধরি, বেলনের উচ্চতা = h সে.মি.  
 দেওয়া আছে, বেলনের ভূমির ব্যাসার্ধ, r = 10 সে.মি.  
 বক্রতলের ক্ষেত্রফল = 1256.64 বর্গ সে.মি.  
 আমরা জানি, বেলনের বক্রতলের ক্ষেত্রফল = 2πrh বর্গ সে.মি.  
 প্রশ্নমতে, 2πrh = 1256.64  
 বা, h =  $\frac{1256.64}{2 \times 3.1416 \times 10}$   
 $\therefore h = 20$  সে.মি.  
 $\therefore$  বেলনটির উচ্চতা 20 সে.মি. (Ans.)

খ. 'ক' থেকে পাই, ব্যাসার্ধ, r = 10 সে.মি.  
 উচ্চতা, h = 20 সে.মি.  
 $\therefore$  বেলনের সমগ্রতলের ক্ষেত্রফল = 2πr(r + h) বর্গ একক  
 $= 2 \times 3.1416 \times 10 (10 + 20)$  বর্গ সে.মি.  
 $= 1885$  বর্গ সে.মি. (প্রায়) (Ans.)  
 এবং বেলনের আয়তন = πr²h ঘন একক  
 $= 3.1416 \times (10)² \times 20$  ঘন সে.মি.  
 $= 6283.2$  ঘন সে.মি. (প্রায়) (Ans.)


গ. প্রশ্নমতে, আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, a = 20 সে.মি.  
 প্রস্থ, b = 10 সে.মি.  
 ধরি, উচ্চতা c = x সে.মি.  
 $\therefore$  ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল = 2(ab + bc + ca) বর্গ সে.মি.  
 $= 2(20 \times 10 + 10 \times x + x \times 20)$   
 $= 2(200 + 10x + 20x)$   
 $= (400 + 20x + 40x)$   
 $= (60x + 400)$   
 প্রশ্নমতে, 60x + 400 = 700  
 বা, 60x = 700 - 400  
 বা, 60x = 300  
 বা, x =  $\frac{300}{60}$   
 $\therefore x = 5$   
 $\therefore$  ঘনবস্তুটির উচ্চতা 5 সে.মি. (Ans.)

প্রশ্ন ৫৩ একটি সমবাহু ত্রিভুজের অভ্যন্তরস্থ একটি বিন্দু থেকে বাহু তিনটির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য যথাক্রমে 6 সে.মি., 7 সে.মি., 8 সে.মি. এবং একটি সুষম অষ্টভুজের কেন্দ্র থেকে কৌণিক বিন্দুর দূরত্ব 1.2 মিটার।  
 [উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা // প্রশ্ন নং ৯]




ক. উপরের চিত্রটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২  
 খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। 8  
 গ. অষ্টভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। 8

**৫৩ নং প্রশ্নের সমাধান**



চিত্র অনুসারে,  $AB^2 + BC^2 = AC^2$   
 বা,  $AC = \sqrt{AB^2 + BC^2}$   
 $= \sqrt{5^2 + 12^2}$   
 $= 13$   
 $\Delta ABC$  এর ক্ষেত্রফল =  $\frac{1}{2} \times 5 \times 12 = 30$  বর্গ সে.মি.  
 আবার, ADC অর্ধবৃত্তের ব্যাসার্ধ =  $\frac{13}{2} = 6.5$  সে.মি.  
 $\therefore$  ADC অর্ধবৃত্তের ক্ষেত্রফল =  $3.1416 \times \frac{(6.5)^2}{2}$  বর্গ সে.মি.  
 $= 66.3663$  বর্গ সে.মি.  
 $\therefore$  মোট ক্ষেত্রফল = (30 + 66.3663) বর্গ সে.মি.  
 $= 96.3663$  বর্গ সে.মি. (Ans.)

খ. মনে করি,  $\Delta ABC$ -এ  
 $AB = BC = AC = a$   
 এর অভ্যন্তরস্থ O বিন্দু হতে  $OF \perp AB$ ,  $OD \perp BC$ ,  
 $OE \perp AC$  আঁকি।  
 সুতরাং  $OD = 6$  সে. মি.,  $OF = 7$  সে. মি.,  $OE = 8$  সে. মি.  
 O, A; O, B এবং O, C যোগ করি।  
 এখন  $\Delta$ ক্ষেত্র  $AOB = \frac{1}{2} \times AB \times OF$   
 $= \frac{1}{2} \times a \times 7$  বর্গ সে.মি.  
 $\Delta$ ক্ষেত্র  $BOC = \frac{1}{2} \times BC \times OD$   
 $= \frac{1}{2} \times a \times 6$  বর্গ সে.মি.  
 $\Delta$ ক্ষেত্র  $AOC = \frac{1}{2} \times AC \times OE$   
 $= \frac{1}{2} \times a \times 8$  বর্গ সে.মি.  
 $\Delta$ ক্ষেত্র  $ABC = \frac{\sqrt{3}}{4} a^2$  বর্গ সে.মি.



এখন,  $\Delta$ ক্ষেত্র ABC =  $\Delta$ ক্ষেত্র AOB +  $\Delta$ ক্ষেত্র BOC +  $\Delta$ ক্ষেত্র AOC

$$\text{বা, } \frac{\sqrt{3}}{4} a^2 = \frac{1}{2} \times a \times 7 + \frac{1}{2} \times a \times 6 + \frac{1}{2} \times a \times 8$$

$$\text{বা, } \frac{\sqrt{3}}{4} a^2 = \frac{a}{2} (7 + 6 + 8)$$

$$\text{বা, } \frac{\sqrt{3}}{2} a = 7 + 6 + 8 \quad [\text{উভয়পক্ষকে } \frac{2}{a} \text{ দ্বারা গুণ করে}]$$

$$\text{বা, } a = \frac{21 \times 2}{\sqrt{3}} = \frac{42}{\sqrt{3}} = \frac{42\sqrt{3}}{3} = 14\sqrt{3}$$


$$\therefore a = 24.2487$$

$\therefore$  ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য 24.249 সে. মি. (প্রায়)

$$\begin{aligned} \text{এবং ত্রিভুজটির ক্ষেত্রফল} &= \frac{\sqrt{3} a^2}{4} \\ &= \frac{\sqrt{3}}{4} \times (24.249)^2 \text{ বর্গ সে. মি.} \\ &= 254.61 \text{ বর্গ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

ক্ষেত্রফল 254.61 বর্গ সে. মি. (প্রায়) (Ans.)

গ



মনে করি, ABCDEFGH একটি সুষম অষ্টভুজ। এর কেন্দ্র O থেকে শীর্ষ বিন্দুগুলো যোগ করা হলো। ফলে ৪টি সমান ক্ষেত্রফল বিশিষ্ট ত্রিভুজ উৎপন্ন হয় এবং কেন্দ্রে উৎপন্ন কোণ  $360^\circ$ ।

$$\therefore \angle COD = \frac{360^\circ}{8} = 45^\circ$$

মনে করি, কেন্দ্র O থেকে শীর্ষ বিন্দুগুলোর দূরত্ব a = 1.2 মিটার।

$$\begin{aligned} \therefore \Delta \text{ ক্ষেত্র COD এর ক্ষেত্রফল} &= \frac{1}{2} a \cdot a \sin \angle COD \\ &= \frac{1}{2} a^2 \sin 45^\circ \text{ বর্গমিটার} \\ &= \frac{1}{2} \times (1.2)^2 \times \frac{1}{\sqrt{2}} \text{ বর্গমিটার} \\ &= \frac{1.44}{2\sqrt{2}} \text{ বর্গমিটার} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{ সুষম অষ্টভুজের ক্ষেত্রফল} &= 8 \times \Delta \text{ ক্ষেত্র COD এর ক্ষেত্রফল} \\ &= 8 \times \frac{1.44}{2\sqrt{2}} \text{ বর্গমিটার} \\ &= 4.07 \text{ বর্গমিটার (প্রায়) (Ans.)} \end{aligned}$$

**প্রশ্ন ▶ ৫৪** দৃশ্যকল্প-১: 211 মিটার 20 সে.মি. যেতে দুটি চাকা যথাক্রমে 32 এবং 48 বার ঘুরলো।

দৃশ্যকল্প-২: সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুর দৈর্ঘ্য 50 মিটার এবং এদের অস্ফুর্ভূক্ত কোণ  $73.74^\circ$ ।

[মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা // প্রশ্ন নং ৯]

ক. আয়তাকার ঘনবস্তু কাকে বলে?

২

খ. দৃশ্যকল্প-২ এর সাহায্যে সমদ্বিবাহু ত্রিভুজের গ্রহণযোগ্য পরিসীমা নির্ণয় কর। 8

গ. দৃশ্যকল্প-১ এর সাহায্যে চাকা দুইটির ব্যাসার্ধের অস্ফুর্ভূক্ত কোণ নির্ণয় কর। 8

**৫৪ নং প্রশ্নের সমাধান**

**ক** আয়তাকার ঘনবস্তু: তিন জোড়া সমান্তরাল আয়তাকার সমতল বা পৃষ্ঠ দ্বারা আবদ্ধ ঘনবস্তুকে আয়তাকার ঘনবস্তু বলে।

**খ** সৃজনশীল ৩৩(গ)নং সমাধান দ্রষ্টব্য।

**গ** পাঠ্যবইয়ের অনুশীলনী-১৬.৩ এর উদাহরণ-২৪ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৩১৫

**প্রশ্ন ▶ ৫৫** একটি ট্র্যাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 49 সে.মি. ও 69 সে.মি.। একটি লোহার পাইপের ভেতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 20 সে.মি. ও 24 সে.মি. এবং উচ্চতা 6 মিটার 30 সে.মি.। এক ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম।

[ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ টেকনোলজি, ঢাকা // প্রশ্ন নং ৮]

ক. পাইপটির বাইরের বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. পাইপটির লোহার ওজন নির্ণয় কর। 8

গ. ট্র্যাপিজিয়ামটির অসমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে পাইপটির ভেতরের ও বাইরের ব্যাসের সমান হলে ট্র্যাপিজিয়ামটির ক্ষেত্রফল নির্ণয় কর। 8

**৫৫ নং প্রশ্নের সমাধান**

**ক** দেওয়া আছে,

$$\text{পাইপের বাইরের ব্যাস} = 24 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ ,, ,, ব্যাসার্ধ, } R = \frac{24}{2} = 12 \text{ সে.মি.}$$

$$\text{এবং পাইপের উচ্চতা, } h = 6 \text{ মি. } 30 \text{ সে.মি.} = 630 \text{ সে.মি.}$$

$$\begin{aligned} \therefore \text{ পাইপের বাইরের বক্রতলের ক্ষেত্রফল} &= 2\pi Rh \\ &= 2 \times 3.1416 \times 12 \times 630 \text{ বর্গ সে.মি.} \\ &= 47500.992 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

**খ** দেওয়া আছে,

$$\text{পাইপের বাইরের ব্যাস} = 24 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ ,, ,, ব্যাসার্ধ, } R = \frac{24}{2} = 12 \text{ সে.মি.}$$

$$\text{ ,, ভিতরের ব্যাস} = 20 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ ,, ,, ব্যাসার্ধ, } r = \frac{20}{2} = 10 \text{ সে.মি.}$$

$$\text{এবং পাইপের উচ্চতা, } h = 630 \text{ সে.মি.}$$

$$\begin{aligned} \therefore \text{ পাইপের লোহার আয়তন} &= \pi R^2 h - \pi r^2 h \text{ ঘন সে.মি.} \\ &= \pi h (R^2 - r^2) \\ &= \pi \times 630 \times (12^2 - 10^2) \\ &= 3.1416 \times 630 \times 44 \\ &= 87085.152 \text{ ঘন সে.মি.} \end{aligned}$$

$$1 \text{ ঘন সে.মি. লোহার ওজন} = 7.2 \text{ গ্রাম}$$


$$\therefore \text{ পাইপের লোহার ওজন} = (87085.152 \times 7.2) \text{ গ্রাম}$$



$$= \frac{87085.152 \times 7.2}{1000} \text{ কিলোগ্রাম}$$

$$= 627.013 \text{ কিলোগ্রাম (প্রায়) (Ans.)}$$

গ



এখানে, ABCD ট্রাপিজিয়ামের AB = 49 সে.মি., BC = 24 সে.মি., CD = 69 সে.মি., AD = 20 সে.মি. এবং AB || CD। CD থেকে AB এর সমান করে DE অংশ কেটে নেই এবং B, E যোগ করি। এখন AB = DE এবং AB || DE, অতএব ABED একটি সামান্দ্রিক।

$$\text{সুতরাং, } BE = AD = 20 \text{ সে.মি. এবং } CE = CD - DE$$

$$= CD - AB$$

$$= (69 - 49) \text{ সে.মি.}$$

$$= 20 \text{ সে.মি.}$$

$$\Delta BEC \text{ এর অর্ধপরিসীমা} = \frac{20 + 20 + 24}{2} = 32 \text{ সে.মি.}$$

$$\therefore \Delta BEC \text{ এর ক্ষেত্রফল} = \sqrt{32(32-20)(32-20)(32-24)}$$

$$= 192 \text{ বর্গ সে.মি.}$$

B বিন্দু থেকে BF ⊥ CD অঙ্কন করি।

$$\therefore \Delta BEC \text{ এর ক্ষেত্রফল} = \frac{1}{2} \times CE \times BF$$

$$\text{বা, } 192 = \frac{1}{2} \times CE \times BF$$

$$\text{বা, } BF = \frac{192 \times 2}{CE} = \frac{192 \times 2}{20} = 19.2 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল} = \frac{1}{2} \times (AB + CD) \times BF$$

$$= \frac{1}{2} \times (69 + 49) \times 19.2$$

$$= 1132.8 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ▶ ৫৬ আয়তাকার একটি বাগানের ক্ষেত্রফল 2000 বর্গ মিটার। যদি বাগানের দৈর্ঘ্য 10 সে.মি. কমানো হয় তাহলে এটি বর্গাকৃতি আকার ধারণ করে।

[অগ্রণী স্কুল এন্ড কলেজ, ঢাকা ৷ প্রশ্ন নং ৯]

ক. যদি বাগানের দৈর্ঘ্য x মিটার হয়, তবে বাগানের ক্ষেত্রফল এবং প্রস্থকে বীজগাণিতিকভাবে উপস্থাপন কর। ২

খ. বাগানের দৈর্ঘ্য এবং প্রস্থ নির্ণয় কর। ৪

গ. বাগানের পরিসীমা একটি বর্গক্ষেত্রের পরিসীমার সমান হলে, 50 সে.মি. বাহু বিশিষ্ট বর্গাকার পাথর দিয়ে বর্গক্ষেত্রটি বাধাই করতে কতগুলো পাথর লাগবে? ৪

#### ৫৬ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, বাগানের দৈর্ঘ্য = x মিটার  
এবং প্রস্থ = (x - 0.1) মিটার ... (i) (Ans.)

$$\therefore \text{ক্ষেত্রফল, } x(x - 0.1) = 2000 \text{ বর্গ মি.} \dots (ii) \text{ (Ans.)}$$

খ (ii) নং হতে পাই,

$$x(x - 0.1) = 2000$$

$$\text{বা, } x^2 - 0.1x = 2000$$

$$\text{বা, } x^2 - 0.1x - 2000 = 0$$

$$\therefore x = 44.77 \text{ (প্রায়) [ধন্দক মান গ্রহণ করে]}$$

$$\therefore \text{বাগানের দৈর্ঘ্য} = 44.77 \text{ মিটার (প্রায়) (Ans.)}$$

$$\therefore \text{প্রস্থ} = (44.77 - 0.1) \text{ মিটার (প্রায়)}$$

$$= 44.67 \text{ মিটার (প্রায়) (Ans.)}$$

গ বাগানের পরিসীমা = 2(44.77 + 44.67) মিটার

$$= 178.88 \text{ মিটার}$$

$$= \text{বর্গক্ষেত্রের পরিসীমা}$$

$$= 4a$$

$$\therefore \text{বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য, } a = \frac{178.88}{4} = 44.72 \text{ মিটার}$$

$$\therefore \text{ক্ষেত্রফল, } a^2 = (44.72)^2 \text{ বর্গমিটার}$$

$$= 1999.88 \text{ বর্গমিটার (প্রায়)}$$

$$\text{একটি পাথরের ক্ষেত্রফল} = \left(\frac{50}{100}\right)^2 \text{ বর্গমিটার}$$

$$= 0.25 \text{ বর্গমিটার}$$

$$\therefore \text{বর্গক্ষেত্রটি বাধাই করতে পাথর লাগবে} = \frac{1999.88}{0.25} \text{ টি}$$

$$= 8000 \text{ টি (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ▶ ৫৭ একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 2 মিটার কমালে ক্ষেত্রফল  $6\sqrt{3}$  বর্গমিটার কমে যায়।

[উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা ৷ প্রশ্ন নং ৮]

ক. সমবাহু ত্রিভুজের এবং সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র লেখ। ২

খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. কোনো সমবাহু ত্রিভুজের অভ্যন্তরস্থ বিন্দু থেকে বাহু তিনটির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য 6 সে.মি., 7 সে.মি. এবং 8 সে.মি.। ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

#### ৫৭ নং প্রশ্নের সমাধান

ক সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a একক হলে ক্ষেত্রফল =  $\frac{\sqrt{3}}{4} a^2$  বর্গ একক

সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহু a একক এবং ভূমির দৈর্ঘ্য b একক

$$\text{হলে ক্ষেত্রফল} = \frac{b}{4} \sqrt{4a^2 - b^2} \text{ বর্গ একক}$$

খ 'ক' হতে পাই, সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল =  $\frac{\sqrt{3}}{4} a^2$  বর্গ একক

$$\text{বাহুর দৈর্ঘ্য 2 মিটার কমালে ক্ষেত্রফল} = \frac{\sqrt{3}}{4} (a - 2)^2 \text{ বর্গ একক}$$

$$\text{প্রশ্নমতে, } \frac{\sqrt{3}}{4} a^2 - \frac{\sqrt{3}}{4} (a - 2)^2 = 6\sqrt{3}$$

$$\text{বা, } a^2 - (a - 2)^2 = 24$$

$$\text{বা, } a^2 - a^2 + 4a - 4 = 24$$

$$\text{বা, } 4a = 28$$

$$\therefore a = 7 \text{ মিটার}$$



$$\begin{aligned} \therefore \text{ক্ষেত্রফল} &= \frac{\sqrt{3}}{4} a^2 = \frac{\sqrt{3}}{4} \times (7)^2 \\ &= 21.22 \text{ বর্গ মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

গ সৃজনশীল ৫৩(খ)নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ৫৮** একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ এবং ক্ষেত্রফল 1200 বর্গমিটার। [বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল // প্রশ্ন নং ৮]

- ক.  $x$  চলকের মাধ্যমে আয়তক্ষেত্রটির পরিসীমা নির্ণয় কর। ২  
খ. বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪  
গ. আয়তক্ষেত্রটির চারিদিকে বাহিরে 0.5 মিটার উঁচু ও 2 মিটার প্রস্থ রাস্তা তৈরী করতে প্রতি ঘনমি. 7.50 টাকা হিসাবে কত খরচ হবে? ৪

**৫৮ নং প্রশ্নের সমাধান**

ক ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ =  $x$  মিটার  
এবং দৈর্ঘ্য =  $3x$  মিটার  
 $\therefore$  আয়তক্ষেত্রের পরিসীমা =  $2(x + 3x)$   
 $= 2 \times 4x$   
 $= 8x$  মি. (Ans.)

খ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল =  $(3x \times x)$  বর্গ মি. =  $3x^2$  বর্গ মি.

প্রশ্নমতে,  $3x^2 = 1200$

$$\text{বা, } x^2 = \frac{1200}{3}$$

$$\text{বা, } x^2 = 400$$

$$\therefore x = 20 \text{ মিটার}$$

$$\therefore \text{আয়তক্ষেত্রের প্রস্থ} = 20 \text{ মিটার}$$

$$\text{এবং দৈর্ঘ্য} = (3 \times 20) \text{ মিটার} = 60 \text{ মিটার}$$

$$\begin{aligned} \therefore \text{আয়তক্ষেত্রের পরিসীমা} &= 2(60 + 20) \text{ মি.} \\ &= (2 \times 80) \text{ মি.} \\ &= 160 \text{ মিটার।} \end{aligned}$$

ধরি, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য =  $a$  মিটার

$$\therefore 4a = 160$$

$$\text{বা, } a = \frac{160}{4}$$

$$\therefore a = 40 \text{ মিটার}$$

আমরা জানি,

$$\begin{aligned} \text{বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} &= a^2 \text{ বর্গ একক} \\ &= (40)^2 \text{ বর্গ মিটার} \\ &= 1600 \text{ বর্গমিটার (Ans.)} \end{aligned}$$

গ 'খ' হতে পাই,

আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 60 মিটার

আয়তক্ষেত্রের প্রস্থ = 20 মিটার

$$\begin{aligned} \text{এখন, রাস্তাসহ আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য} &= 60 + 2 \times 2 \\ &= 64 \text{ মিটার} \end{aligned}$$

রাস্তাসহ আয়তাকার ক্ষেত্রের প্রস্থ =  $20 + 2 \times 2 = 24$  মিটার

$$\therefore \text{রাস্তাসহ ক্ষেত্রফল} = 64 \times 24 = 1536 \text{ বর্গমিটার}$$

$$\therefore \text{রাস্তার ক্ষেত্রফল} = 1536 - 1200 = 336 \text{ বর্গমি.}$$

$$\therefore \text{রাস্তার আয়তন} = \text{ক্ষেত্রফল} \times \text{উচ্চতা}$$

$$= 336 \times 0.5 \text{ ঘন মি.}$$

$$= 168 \text{ ঘন মি.}$$

রাস্তা তৈরী করতে প্রতি ঘনমিটারে 7.50 টাকা খরচ হয়।

$$\therefore \text{মোট খরচ} = 168 \times 7.50 = 1260 \text{ টাকা। (Ans.)}$$

**প্রশ্ন ▶ ৫৯** 10 মিটার উচ্চতা বিশিষ্ট একটি সমবৃত্তভূমিক সিলিন্ডারের ভূমির পরিধি 220 মিটার।

[বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল // প্রশ্ন নং ৯]

- ক. 5 সে.মি. ব্যাসার্ধের বৃত্তে  $S$  চাপ কেন্দ্রে  $30^\circ$  কোণ উৎপন্ন করলে  $S$  এর মান কত হবে? ২  
খ. সিলিন্ডারটির ভূমির পরিধির সমান পরিধির বৃত্তে অর্ধবৃত্তাকার বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪  
গ. উদ্দীপকের সিলিন্ডারটির সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪

**৫৯ নং প্রশ্নের সমাধান**

ক দেওয়া আছে, বৃত্তের ব্যাসার্ধ,  $r = 5$  সে.মি.

এবং কেন্দ্রে উৎপন্ন কোণ,  $\theta = 30^\circ$

$$\begin{aligned} \therefore \text{চাপের দৈর্ঘ্য, } S &= \frac{\pi r \theta}{180} \\ &= \frac{3.1416 \times 5 \times 30^\circ}{180} \\ &= 2.62 \text{ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

খ শর্তমতে,  $2\pi r = 220$

$$\text{বা, } 2r = \frac{220}{\pi}$$

$$\text{এখন, বর্গের বাহুর দৈর্ঘ্য } x \text{ মিটার হলে, } \left(\frac{220}{\pi}\right)^2 = x^2 + x^2$$

[যেহেতু বর্গের কর্ণ বৃত্তের ব্যাস]

$$\text{বা, } 2x^2 = \left(\frac{220}{\pi}\right)^2$$

$$\text{বা, } \sqrt{2}x = \frac{220}{\pi}$$

$$\therefore x = \frac{220}{\sqrt{2}\pi} = \frac{220}{\sqrt{2} \times 3.1416} = 49.52 \text{ মিটার (প্রায়)}$$

গ প্রশ্নমতে,  $2\pi r = 220$

$$\text{বা, } r = \frac{220}{2\pi} = \frac{110}{\pi} \text{ মিটার (প্রায়)}$$

$$\begin{aligned} \therefore \text{সিলিন্ডারের সমগ্র তলের ক্ষেত্রফল} &= 2\pi r(h + r) \\ &= 2\pi \times \frac{110}{\pi} \times \left(10 + \frac{110}{\pi}\right) \text{ বর্গ মি.} \\ &= 2 \times 110 \times \left(10 + \frac{110}{3.1416}\right) \text{ বর্গ মি.} \\ &= 9903.08 \text{ বর্গ মি. (প্রায়)} \end{aligned}$$

এবং আয়তন =  $\pi r^2 h$

$$= \pi \times \frac{110^2}{\pi^2} \times 10 \text{ ঘন মি.}$$

$$= \frac{110^2}{3.1416} \times 10$$

$$= 38515.41 \text{ ঘন মি. (প্রায়) (Ans.)}$$



**প্রশ্ন ▶ ৬০** একটি সামান্ডরিকের দুটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য 40 সে.মি. ও 34 সে.মি. এবং ক্ষুদ্রতম কর্ণ 37 সে.মি.।

[সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, গাজীপুর ৷ প্রশ্ন নং ৯]


- ক. সামান্ডরিকটির পরিসীমা নির্ণয় কর। ২  
খ. সামান্ডরিকটির অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। 8  
গ. সামান্ডরিকটির পরিসীমার সমান পরিসীমা বিশিষ্ট একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ও ক্ষেত্রফল নির্ণয় কর। 8

**৬০ নং প্রশ্নের সমাধান**

**ক** দেওয়া আছে,  
সামান্ডরিকের সন্নিহিত বাহুর দৈর্ঘ্য 40 সে.মি. ও 34 সে.মি.

$$\begin{aligned} \therefore \text{সামান্ডরিকের পরিসীমা} &= 2(40 + 34) \text{ সে.মি.} \\ &= 2 \times 74 \\ &= 148 \text{ সে.মি. (Ans.)} \end{aligned}$$

**খ**



মনে করি, ABCD সামান্ডরিকের AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে সমদ্বিখন্ডিত করেছে।  $AC > BD$ ।

চিত্রে,  $AB = 40$  সে.মি.,  $BD = 37$  সে.মি. এবং  $AD = 34$  সে.মি.

$\therefore \triangle ABD$  এর অর্ধপরিসীমা,

$$S = \frac{40 + 37 + 34}{2} \text{ সে.মি.}$$

$$= \frac{111}{2} \text{ সে.মি.}$$

$$= 55.5 \text{ সে.মি.}$$

$\therefore \triangle$  ক্ষেত্র ABD এর ক্ষেত্রফল  $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$  বর্গ একক

$$= \sqrt{55.5(55.5 - 40)(55.5 - 37)(55.5 - 34)}$$

$$= \sqrt{55.5 \times 15.5 \times 18.5 \times 21.5} \text{ বর্গ সে.মি.}$$

$$= \sqrt{342164.4375} \text{ বর্গ সে.মি.}$$

$$= 584.948 \text{ বর্গ সে.মি. (প্রায়)}$$

$DF \perp AB$  এবং  $CE \perp$  বর্ধিত AB আঁকি।

এখন  $\triangle ADF$  ও  $\triangle BCE$  এ

$$\angle DAF = \angle CBE \text{ [অনুরূপ কোণ]}$$

$$\angle AFD = \angle BEC = 90^\circ \text{ সমকোণ}$$

এবং  $AD = CB$  [সামান্ডরিকের বিপরীত বাহু]

$$\therefore \triangle ADF \cong \triangle BCE$$

$$\therefore DF = CE \text{ এবং } AF = BE$$

$$\text{আবার, } \triangle \text{ ক্ষেত্র } ABD = \frac{1}{2} \times AB \times DF$$

$$= \frac{1}{2} \times 40 \times DF$$

$$= 20 DF$$

$$\therefore 20 DF = 584.948$$

$$\text{বা, } DF = \frac{584.948}{20} = 29.25 \text{ সে.মি.}$$

$$\therefore CE = 29.25 \text{ সে.মি.}$$

ADF সমকোণী ত্রিভুজের অতিভুজ,

$$AD = 34 \text{ সে.মি.}$$

$$\text{লম্ব, } DF = 29.25 \text{ সে.মি.}$$

$\therefore$  পিথাগোরাসের উপপাদ্য অনুসারে,

$$AD^2 = DF^2 + AF^2$$

$$\text{বা, } AF^2 = AD^2 - DF^2$$

$$= (34)^2 - (29.25)^2$$

$$= 1156 - 855.56$$

$$= 300.44$$

$$\therefore AF = 17.33 \text{ সে.মি.}$$

$$\therefore BE = 17.33 \text{ সে.মি.}$$

$$\therefore AE = AB + BE$$

$$= (40 + 17.33) \text{ সে.মি.}$$

$$= 57.33 \text{ সে.মি.}$$

এখন, সমকোণী  $\triangle ACE$  এ,

$$AC^2 = AE^2 + CE^2$$

$$= (57.33)^2 + (29.25)^2$$

$$= 3286.73 + 855.56$$

$$= 4142.29$$

$$\therefore AC = \sqrt{4142.29} = 64.36 \text{ সে.মি. (প্রায়)}$$

$$\therefore \text{অপর কর্ণের দৈর্ঘ্য } 64.36 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

**গ** 'ক' হতে পাই, সামান্ডরিকটির পরিসীমা 148 সে.মি.

$$\therefore \text{বর্গক্ষেত্রের পরিসীমা } 148 \text{ সে.মি.}$$

ধরি, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a সে.মি.

$$\therefore \text{বর্গক্ষেত্রের পরিসীমা } 4a \text{ সে.মি.}$$

এবং কর্ণ  $\sqrt{2}a$  সে.মি.

প্রশ্নমতে,  $4a = 148$

$$\text{বা, } a = \frac{148}{4}$$

$$\therefore a = 37 \text{ সে.মি.}$$

$$\therefore \text{বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{2}a$$

$$= \sqrt{2} \times 37$$

$$= 52.33 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

এবং বর্গক্ষেত্রের ক্ষেত্রফল  $= a^2$

$$= (37)^2 \text{ বর্গ সে.মি.}$$

$$= 1369 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

**প্রশ্ন ▶ ৬১** একটি লোহার পাইপের ভিতরের ও বাইরের ব্যাসার্ধ যথাক্রমে 6 সে.মি. ও 7 সে.মি. এবং পাইপের উচ্চতা 5 মিটার।

[রাণী বিলাসমণি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, গাজীপুর ৷ প্রশ্ন নং ৯]

ক. পাইপের ভিতরের আয়তন নির্ণয় কর। ২

খ. 1 ঘন সে.মি. লোহার ওজন 72 গ্রাম হলে, পাইপের লোহার ওজন নির্ণয় কর। 8



গ. পাইপটিকে গলিয়ে 12 সে.মি. ব্যাসের একটি নিরেট দণ্ডে পরিণত করা হলো। দণ্ডটির উচ্চতা নির্ণয় কর। 8

**৬১ নং প্রশ্নের সমাধান**

**ক** পাইপের ভেতরের আয়তন =  $\pi r^2 h$  ঘন একক  
 $= 3.1416 \times 6^2 \times 500$   
 $= 56548.8$  ঘন সে.মি.  
 $\therefore$  পাইপের ভেতরের আয়তন = 56548.8 ঘন সে.মি. (প্রায়) (Ans.)

**খ** পাইপের বাইরের আয়তন =  $\pi R^2 h$  ঘন একক  
 $= 3.1416 \times 7^2 \times 500$  ঘন সে.মি.  
 $= 76969.2$  ঘন সে.মি.  
 'ক' হতে পাই,  
 পাইপের ভেতরের আয়তন = 56548.8 ঘন সে.মি.  
 $\therefore$  পাইপের লোহার আয়তন = বাইরের আয়তন - ভেতরের আয়তন  
 $= (76969.2 - 56548.8)$  ঘন সে.মি.  
 $= 20420.4$  ঘন সে.মি.  
 $\therefore$  পাইপের লোহার ওজন =  $20420.4 \times 72$  গ্রাম  
 $= 1470268.8$  গ্রাম  
 $= 1470.27$  কেজি (প্রায়) (Ans.)

**গ** দেওয়া আছে,  
 নিরেট দণ্ডের ব্যাস = 12 সে.মি.  
 $\therefore$  নিরেট দণ্ডের ব্যাসার্ধ,  
 $R = \left(\frac{12}{2}\right)$  সে.মি. = 6 সে.মি.  
 $\therefore$  নিরেট দণ্ডের আয়তন =  $\pi R^2 h = \pi \times 6^2 \times h = 36\pi h$   
 এখন, প্রশ্নমতে,  
 নিরেট দণ্ডের আয়তন = পাইপের লোহার আয়তন  
 'খ' হতে প্রাপ্ত,  
 পাইপের লোহার আয়তন = 20420.4 ঘন সে.মি.  
 $\therefore 36\pi h = 20420.4$   
 বা,  $h = \frac{20420.4}{36\pi}$   
 $= \frac{20420.4}{36 \times 3.1416}$   
 $= 180.56$  সে.মি. (প্রায়)  
 $= 1.806$  মিটার (প্রায়)  
 $\therefore$  দণ্ডটির উচ্চতা = 1.806 মিটার (প্রায়) (Ans.)

**প্রশ্ন ৬২** একটি গাছ ঝড়ে এমনভাবে ভেঙে গেল যে অবিচ্ছিন্ন ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে 60° কোণ করে গাছের গোড়া থেকে 6 মিটার দূরে মাটি স্পর্শ করে।


◀সমন্বিত অধ্যায় ১০ ও ১৬

[বিদ্যায়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ ৭/প্রশ্ন নং ৭]

**ক.** সংক্ষিপ্ত বর্ণনাসহ উদ্দীপকের তথ্য অনুসারে চিত্র আঁক। ২  
**খ.** গাছটির সম্পূর্ণ দৈর্ঘ্য নির্ণয় কর। ৪  
**গ.** গাছটি যে উচ্চতায় ভেঙেছিল তাকে ব্যাসার্ধ ধরে ভাঙা বিন্দুকে কেন্দ্র করে অঙ্কিত বৃত্তটি 30° কোণে যে বৃত্তকলার সৃষ্টি করে তার ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

**৬২ নং প্রশ্নের সমাধান**

**ক**



মনে করি, সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য AB = h মিটার। গাছটি BC = x মিটার উচ্চতায় ভেঙে গিয়ে বিচ্ছিন্ন না হয়ে ভাঙা অংশ দণ্ডায়মান অংশের সাথে  $\angle BCD = 60^\circ$  উৎপন্ন করে গাছটির গোড়া থেকে BD = 6 মিটার দূরে মাটি স্পর্শ করে।

**খ**

এখানে,  $CD = AC = AB - BC = (h - x)$  মিটার

$\Delta BCD$  থেকে পাই,  $\tan \angle BCD = \frac{BD}{BC}$

বা,  $\tan 60^\circ = \frac{6}{x}$

বা,  $\sqrt{3} = \frac{6}{x}$

বা,  $x = \frac{6}{\sqrt{3}}$

$\therefore x = 2\sqrt{3}$

আবার,  $\sin \angle BCD = \frac{BD}{CD}$

বা,  $\sin 60^\circ = \frac{6}{h-x}$

বা,  $\frac{\sqrt{3}}{2} = \frac{6}{h-x}$

বা,  $h-x = \frac{12}{\sqrt{3}}$

বা,  $h - 2\sqrt{3} = 4\sqrt{3}$

$\therefore h = 6\sqrt{3}$

$\therefore$  সম্পূর্ণ গাছের দৈর্ঘ্য  $6\sqrt{3}$  মিটার। (Ans.)

**গ**

গাছটি x উচ্চতায় ভেঙেছিল।

$\therefore$  গাছটির ভাঙা অংশের উচ্চতা = বৃত্তের ব্যাসার্ধ  
 $= 2\sqrt{3}$  মিটার



$\therefore$  30° কোণ যে বৃত্তকলার সৃষ্টি করে তার

ক্ষেত্রফল =  $\frac{30^\circ}{360^\circ} \times \pi \times (2\sqrt{3})^2$  বর্গমিটার

$= \frac{1}{12} \times \pi \times 12$  বর্গমিটার

$= 3.1416$  বর্গমিটার (প্রায়) (Ans.)

**প্রশ্ন ৬৩**



চিত্রে A কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ 2.2 সে.মি., B কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ 2.3 সে.মি. এবং C কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ 1.6 সে.মি.।  $\angle A = 54^\circ$ ,  $\angle C = 70^\circ$ ।

[বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ // প্রশ্ন নং b]

- ক.  $\angle ABC =$  কত? ২  
খ. বৃত্ত তিনটির ক্ষেত্রফলের সমষ্টি নির্ণয় কর। ৪  
গ. গাঢ় চিহ্নিত অংশের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

**৬৩ নং প্রশ্নের সমাধান**

ক  $\triangle ABC$  এর জন্য,

$$\angle A + \angle B + \angle C = 180^\circ$$

$$\text{বা, } 54^\circ + \angle B + 70^\circ = 180^\circ$$

$$\text{বা, } \angle B = 180^\circ - 70^\circ - 54^\circ$$

$$\therefore \angle ABC = 56^\circ \text{ (Ans.)}$$

খ A কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ,  $r_1 = 2.2$  সে.মি.

$$\begin{aligned} \therefore \text{A কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল} &= \pi r_1^2 \\ &= 3.1416 \times (2.2)^2 \\ &= 15.205 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

B কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ,  $r_2 = 2.3$  সে.মি.

$$\begin{aligned} \therefore \text{B কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল} &= \pi r_2^2 \\ &= 3.1416 \times (2.3)^2 \\ &= 16.62 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

আবার, C কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ,  $r_3 = 1.6$  সে.মি.

$$\begin{aligned} \therefore \text{C কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল} &= \pi r_3^2 \\ &= 3.1416 \times (1.6)^2 \\ &= 8.0425 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

$\therefore$  বৃত্ত তিনটির ক্ষেত্রফলের সমষ্টি

$$\begin{aligned} &= (15.205 + 16.62 + 8.0425) \text{ বর্গ সে.মি.} \\ &= 39.8675 \text{ বর্গ সে.মি. (Ans.)} \end{aligned}$$

গ  $\triangle ABC$ -এ,

$$\begin{aligned} \text{AC বাহুর দৈর্ঘ্য} &= r_1 + r_3 \\ &= (2.2 + 1.6) \text{ সে.মি.} \\ &= 3.8 \text{ সে.মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \text{BC বাহুর দৈর্ঘ্য} &= r_2 + r_3 \\ &= (2.3 + 1.6) \text{ সে.মি.} \\ &= 3.9 \text{ সে.মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \text{AB বাহুর দৈর্ঘ্য} &= r_1 + r_2 \\ &= (2.2 + 2.3) \text{ সে.মি.} \\ &= 4.5 \text{ সে.মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{অর্ধ পরিসীমা, } S &= \frac{3.8 + 3.9 + 4.5}{2} \text{ সে.মি.} \\ &= 6.1 \text{ সে.মি.} \end{aligned}$$

$$\therefore \triangle ABC \text{ এর ক্ষেত্রফল} = \sqrt{S(S-AB)(S-BC)(S-AC)}$$

$$\begin{aligned} &= \sqrt{6.1(6.1-4.5)(6.1-3.9)(6.1-3.8)} \\ &= \sqrt{6.1 \times 1.6 \times 2.2 \times 2.3} \\ &= \sqrt{49.3856} \\ &= 7.0275 \text{ বর্গ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

এখন,  $\triangle ABC$  দ্বারা A কেন্দ্রবিশিষ্ট বৃত্ত হতে কর্তিত বৃত্তকলার

$$\begin{aligned} \text{ক্ষেত্রফল} &= \frac{54^\circ}{360^\circ} \times \pi r_1^2 \\ &= \frac{54^\circ}{360^\circ} \times 3.1416 \times 2.2^2 \\ &= 2.2808 \text{ বর্গ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

একইভাবে, B কেন্দ্রবিশিষ্ট বৃত্ত হতে কর্তিত বৃত্তকলার

$$\begin{aligned} \text{ক্ষেত্রফল} &= \frac{56^\circ}{360^\circ} \times \pi r_2^2 \\ &= \frac{56^\circ}{360^\circ} \times 3.1416 \times 2.3^2 \\ &= 2.5852 \text{ বর্গ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

এবং C কেন্দ্রবিশিষ্ট বৃত্ত হতে কর্তিত বৃত্তকলার

$$\begin{aligned} \text{ক্ষেত্রফল} &= \frac{70^\circ}{360^\circ} \times \pi r_3^2 \\ &= \frac{70^\circ}{360^\circ} \times 3.1416 \times 1.6^2 \\ &= 1.5638 \text{ বর্গ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

$\therefore$  গাঢ় চিহ্নিত অংশের ক্ষেত্রফল = ত্রিভুজের ক্ষেত্রফল - বৃত্তকলা

$$\begin{aligned} \text{অংশসমূহের ক্ষেত্রফলের সমষ্টি} &= 7.0275 - (2.2808 + 2.5852 + 1.5638) \\ &= 7.0275 - 6.4298 \\ &= 0.5977 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

**প্রশ্ন ৬৪** একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার অনুপাত

$$21 : 16 : 12 \text{ এবং কর্ণের দৈর্ঘ্য } 87 \text{ সে.মি.।}$$

[বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ // প্রশ্ন নং ৯]

- ক. অনুপাতের সাধারণ রাশি  $x$  হলে,  $x$  এর মান নির্ণয় কর। ২  
খ. ঘনবস্তুর আয়তন ও সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪  
গ. ঘনবস্তুর বৃহত্তম তলকে এর দৈর্ঘ্যের চারিদিকে ঘোরালে যে ঘনবস্তুর উৎপন্ন হয় তার সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪

**৬৪ নং প্রশ্নের সমাধান**

ক মনে করি, একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ এবং উচ্চতা যথাক্রমে  $a$  সে.মি.,  $b$  সে.মি. এবং  $c$  সে.মি.

$$\text{ধরি, } a = 21x, b = 16x \text{ এবং } c = 12x$$

$$\text{আয়তাকার ঘন বস্তুর কর্ণ} = \sqrt{a^2 + b^2 + c^2} \text{ সে.মি.}$$

$$\text{প্রশ্নমতে, } \sqrt{a^2 + b^2 + c^2} = 87$$

$$\text{বা, } a^2 + b^2 + c^2 = 87^2$$

$$\text{বা, } (21x)^2 + (16x)^2 + (12x)^2 = (87)^2$$

$$\text{বা, } 441x^2 + 256x^2 + 144x^2 = 7569$$

$$\text{বা, } 841x^2 = 7569$$

$$\text{বা, } x^2 = \frac{7569}{841}$$

$$\text{বা, } x^2 = 9 \therefore x = 3 \text{ (Ans.)}$$



খ ঘনবস্তুর আয়তন = abc

$$\begin{aligned} &= 21x \times 16x \times 12x \\ &= 4032x^3 \\ &= 4032 \times 3^3 \text{ ঘন সে.মি.} \\ &= 108864 \text{ ঘন সে.মি. (Ans.)} \end{aligned}$$

ঘনবস্তুটির তলের ক্ষেত্রফল

$$\begin{aligned} &= 2(ab + bc + ca) \text{ বর্গসে.মি.} \\ &= 2(21x \times 16x + 16x \times 12x + 12x \times 21x) \text{ বর্গ সে.মি.} \\ &= 2(336x^2 + 192x^2 + 252x^2) \text{ বর্গ সে.মি.} \\ &= 2 \times 780x^2 \text{ বর্গ সে.মি.} \\ &= 1560 \times 3^2 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

ssc গণিত সোইড ইঞ্জি

$$= 1560 \times 9 \text{ বর্গ সে.মি.}$$

$$= 14040 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

গ ঘনবস্তুটির বৃহত্তম তল হবে দৈর্ঘ্য ও প্রস্থ বরাবর।

বৃহত্তম তলের দৈর্ঘ্য = 21x সে.মি.

$$= 21 \times 3 \text{ সে.মি.}$$

$$= 63 \text{ সে.মি.}$$

এবং প্রস্থ = 16x সে.মি.

$$= 16 \times 3 \text{ সে.মি.}$$

$$= 48 \text{ সে.মি.}$$

তলটিকে দৈর্ঘ্যের চারিদিকে ঘোরালে বেলনাকৃতির ঘনবস্তু উৎপন্ন হবে যার ভূমির ব্যাসার্ধ, r = 48 সে.মি.

এবং উচ্চতা, h = 63 সে.মি.

∴ বেলনটির সমগ্রতলের ক্ষেত্রফল =  $2\pi r(h + r)$

$$= 2 \times 3.1416 \times 48 (63 + 48)$$

$$= 33476.9 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

এবং আয়তন =  $\pi r^2 h$

$$= 3.1416 \times 48^2 \times 63$$

$$= 456009.52 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ▶ ৬৫ একটি লোহার পাইপের ভিতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 14 সে.মি. ও 16 সে.মি. এবং উচ্চতা 5 মিটার। 1 ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম।

[মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ 1/ প্রশ্ন নং ৯]

- ক. পাইপের ভিতরের আয়তন কত? ২  
 খ. পাইপের লোহার ওজন কত? ৪  
 গ. পাইপকে গলিয়ে 7 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি নিরেট দণ্ড পরিণত করা হলো। দণ্ডটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

#### ৬৫ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, পাইপের ভেতরের ব্যাস = 14 সে.মি.

$$\therefore \text{ভেতরের ব্যাসার্ধ} = \frac{14}{2} = 7 \text{ সে.মি.}$$

এবং পাইপের উচ্চতা = 5 মিটার = 500 সে.মি.

∴ পাইপের ভেতরের আয়তন =  $\pi(7)^2 \times 500$  ঘন সে.মি.

$$= 76969.02 \text{ ঘন সে.মি. (প্রায়)}$$

(Ans.)

খ সৃজনশীল ৭(গ) নং সমাধান দ্রষ্টব্য।

গ সৃজনশীল ১৩(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ৬৬ একটি আয়তাকার বাগানের ক্ষেত্রফল 2000 বর্গমিটার। যদি এর দৈর্ঘ্য 10 মিটার কম হতো তাহলে এটি একটি বর্গক্ষেত্র হতো।

[ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ 1/ প্রশ্ন নং ৯]

ক. আয়তাকার বাগানের দৈর্ঘ্য x মি. এবং প্রস্থ y মি. হলে পরিসীমা এবং কর্ণের দৈর্ঘ্য কত হবে? ২

খ. বর্গক্ষেত্রটির কর্ণদ্বয়ের সমষ্টি কত হবে? ৪

গ. একটি বৃত্তের পরিধি যদি বর্গক্ষেত্রটির পরিসীমার সমান হয় তবে যে বৃত্তচাপ কেন্দ্রে 30° কোণ উৎপন্ন করে তার দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

#### ৬৬ নং প্রশ্নের সমাধান

ক আয়তাকার বাগানের দৈর্ঘ্য x এবং প্রস্থ y হলে পরিসীমা =  $2(x + y)$  মিটার

এবং কর্ণের দৈর্ঘ্য =  $\sqrt{x^2 + y^2}$  মিটার (Ans.)

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-১৬.২ এর উদাহরণ-৯ দ্রষ্টব্য। পৃষ্ঠা-৩০৩

অতঃপর বর্গক্ষেত্রটির প্রতি বাহুর দৈর্ঘ্য, a হবে আয়তাকার বাগানটির প্রস্থ, y এর সমান।

∴ a = 40 মিটার।

∴ বর্গের কর্ণদ্বয়ের সমষ্টি =  $2 \times a\sqrt{2}$

$$= 2 \times 40\sqrt{2} \text{ মি.}$$

$$= 113.137 \text{ মি. (প্রায়) (Ans.)}$$

গ 'খ' থেকে পাই,

বর্গের প্রতি বাহুর দৈর্ঘ্য, a = 40 মি.

প্রশ্নমতে,

বৃত্তের পরিধি = বর্গের পরিসীমা =  $4 \times a = 4 \times 40 = 160$  মি.

ধরি, বৃত্তের ব্যাসার্ধ r

প্রশ্নমতে,

$$2\pi r = 160$$

